গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
আইন-১ অধিশাখা
Website: www.lgd.gov.bd

৪৬. ০২০. ০০৪. ০১. ০০. ০০১. ২০১৪- ৩০৮ তারিখঃ ২৪/১/১৬

বিষয়ঃ সরকারি প্রতিষ্ঠানসমুহের নিজেদের মধ্যে মামলা পরিহারের লক্ষ্যে করণীয় নির্ধারণ বিষয়ক নির্দেশাবলি।

সূত্রঃ মন্ত্রিপরিষদ বিভাগের গত ৩১-১২-২০১৫খ্রিঃ তারিখের ৫৪ সংখ্যক স্মারক।

উপর্যুক্ত বিষয়ে সূত্রোক্ত পরিপত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিভিন্ন সময়ে সরকারি প্রতিষ্ঠাসমুহের নিজেদের মধ্যে মামলার উদ্ভব হয়। এ সকল মামলার কারণে সরকারের অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও কর্মসূচী বাস্তবায়ন বাধাগ্রস্ত এবং সরকারি অর্থের অপচয় হয়। এ ধরণের পরিস্থিতিতে আন্তঃপ্রতিষ্ঠান বিরোধ নিস্পত্তি এবং নিজেদের মধ্যে মামলা পরিহারের লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহনের জন্য সরকার নিম্নবর্ণিত দু'টি কমিটি গঠন করা হয়েছেঃ

(১) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিস্পত্তি কমিটি ও
(২) আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিস্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি।

০২। আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিস্পত্তি কমিটি একাধিক প্রতিষ্ঠানের পরস্পরবিরোধী অবস্থানের ক্ষেত্রে আদালতে মামলা না করে আলোচনার মাধ্যমে বিরোধ নিস্পত্তির ব্যবস্থা গ্রহন করবে। উক্ত কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ পক্ষগণ 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিস্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে আপীল করতে পারবে।

০৩। পরিপত্রে আরও উল্লেখ করা হয়েছে সরকারি প্রতিষ্ঠানসমুহের মধ্যে মতানৈক্য হলে রাষ্ট্রের নির্বাহী কাঠামোর মধ্যে সমাধান করতে হবে। উপজেলা পর্যায়ে বা অনুরূপ পর্যায়ে দু'টি দপ্তরের মধ্যে বিরোধ দেখা দিলে সংশ্লিষ্ট দপ্তর প্রধান আলাপ-আলোচনার মাধ্যমে নিস্পত্তি করবে। এ পর্যায়ে বিরোধ নিস্পত্তি সম্ভব না হলে জেলা কিংবা অনুরূপ পর্যায়ে আলাপ আলোচনার মাধ্যমে সমস্যার নিরসন করতে হবে। তাতেও সম্ভব না হলে অধিদপ্তর/সংস্থা পর্যায়ে সভা করে বিরোধ নিস্পত্তি করতে হবে। অধিদপ্তর/সংস্থা ব্যর্থ হলে মন্ত্রণালয়/বিভাগ পর্যায়ে তা সমাধানের উদ্যোগ নিতে হবে। মন্ত্রণালয়/বিভাগ বিরোধ নিস্পত্তি করতে না পারলে বিষয়টি নিস্পত্তির জন্য আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিস্পত্তি কমিটিতে উপস্থাপন করতে হবে। আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিস্পত্তি কমিটি কর্তৃক কোন বিবদমান বিষয়ের নিস্পত্তি করা সম্ভব না হলে সেটি আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিস্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটিতে প্রেরণ করতে হবে মর্মে উক্ত পরিপত্রে এ বিভাগকে নির্দেশনা প্রদান করা হয়েছে।

০৪। এমতাবস্থায়, মন্ত্রিপরিষদ বিভাগের উপরেবর্ণিত পরিপত্রের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহনের জন্য তাঁর আওতাধীন এ বিভাগের অধীনস্ত দপ্তর/অধিদপ্তর/সংস্থাকে যথাযথ নির্দেশনা প্রদানপূর্বক নিম্নস্বাক্ষরকারীকে অবহিত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০৫। বিষয়টি অতিব জরুরি।

সংযুক্তঃ বর্ণনামতে ০১(এক) ফর্দ।

২৪.০১.১৬
(মোঃ ঈশান আলী রাজা বাঙালী)
উপসচিব
☎৯৫৪০৯৯৫
Email:ishanaliraja@gmail.com

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
উপজেলা-১ শাখা
www.lgd.gov.bd

স্মারক নং-৪৬.০৪৬.০১৮.০০.০০.০৭৪.২০১৫- ৯৫১ তারিখ : ১৮ মাঘ ১৪২২ বঙ্গাব্দ / ৩১ জানুয়ারি ২০১৬ খ্রিস্টাব্দ

উপরোক্ত নির্দেশনা অনুযায়ী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁর জেলার সকল উপজেলা পরিষদকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্ত : বর্ণনামতে

৩১/১/২০১৬
লুৎফুন নাহার
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৯৫৬২২৪৭

জেলা প্রশাসক
-------------------------(সকল)

অনুলিপি :

১. উপ-সচিব (আইন-১ অধিশাখা), স্থানীয় সরকার বিভাসগ।
২. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মন্ত্রিপরিষদ বিভাগ
www.cabinet.gov.bd

নং-০৪.০০.০০০০.৭১২.০৪.০০৪.১৫-৫৪

১৭ পৌষ ১৪২২
তারিখ: -------------------
৩১ ডিসেম্বর ২০১৫

পরিপত্র

বিষয়: সরকারি প্রতিষ্ঠানসমূহের নিজেদের মধ্যে মামলা পরিহারের লক্ষ্যে করণীয় নির্ধারণ বিষয়ক নির্দেশাবলি।

সূত্র: প্রধানমন্ত্রীর কার্যালয়ের স্মারক নম্বর ০৩.০৬৯.০০৪.০২.০০.০১২.২০১৫-২১২, তারিখ: ২৯ আশ্বিন ১৪২২/১৪ অক্টোবর ২০১৫

বিভিন্ন সময়ে সরকারি প্রতিষ্ঠানসমূহের নিজেদের মধ্যে মামলার উদ্ভব হয়। এ সকল মামলার কারণে সরকারের অনেক গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত ও কর্মসূচি বাস্তবায়ন বাধাগ্রস্ত এবং সরকারি অর্থের অপচয় হয়। এ ধরনের পরিস্থিতিতে আন্তঃপ্রতিষ্ঠান বিরোধ নিষ্পত্তি এবং নিজেদের মধ্যে মামলা পরিহারের লক্ষ্যে যথাযথ কার্যক্রম গ্রহণের জন্য সরকার দুটি কমিটি গঠন করেছেন যা নিম্নরূপ:

১। আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি
২। আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি

২। আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি কমিটি:

(ক) কমিটির গঠন:

(১) সচিব (সমন্বয় ও সংস্কার) মন্ত্রিপরিষদ বিভাগ	-আহ্বায়ক
(২) যে সকল মন্ত্রণালয়ের মধ্যকার বিরোধ-নিষ্পত্তি করা প্রয়োজন সে সকল মন্ত্রণালয়ের সচিব বা তাঁর প্রতিনিধি	-সদস্য
(৩) সচিব, আইন ও বিচার বিভাগ	-সদস্য
(৪) প্রধানমন্ত্রীর কার্যালয়ের প্রতিনিধি (মহাপরিচালক পর্যায়ের)	-সদস্য
(৫) যুগ্মসচিব (সমন্বয়), মন্ত্রিপরিষদ বিভাগ	-সদস্য-সচিব

(খ) কমিটি প্রয়োজনে আরও সদস্য কো-অপ্ট এবং বিশেষজ্ঞ মতামত গ্রহণ করতে পারবে।

(গ) কমিটির কার্যপরিধি:
কমিটি একাধিক প্রতিষ্ঠানের পরস্পরবিরোধী অবস্থানের ক্ষেত্রে আদালতে মামলা না করে আলোচনার মাধ্যমে বিরোধ নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করবে।

(ঘ) উক্ত কমিটির সিদ্ধান্তের বিরুদ্ধে সংক্ষুব্ধ পক্ষগণ 'আন্তঃমন্ত্রণালয় আইনগত বিরোধ নিষ্পত্তি সংক্রান্ত মন্ত্রিসভা কমিটি'তে আপিল করতে পারবে।

(ঙ) মন্ত্রিপরিষদ বিভাগ কমিটিকে সাচিবিক সহায়তা প্রদান করবে।

যুগ্ম-সচিব (প্রঃ) এর দপ্তর
স্থানীয় সরকার বিভাগ
স্মারক নং: ৬৩৬৫
তারিখ: ২৪/১/১৬
স্বাক্ষর:
যুগ্ম-সচিব (প্রশাসন)
... প্রশাসন-১/২/ জেপ

ক্রমিক নং .... তারিখ ....
প্রয়োজনীয় কার্যার্থে প্রেরিত হলো
যুগ্ম-সচিব (প্রশাসন)
যুগ্ম-সচিব (উন্নয়ন)
যুগ্ম-সচিব (অডিট)
যুগ্ম-সচিব
উপ-সচিব
সিঃ সহঃ সচিব (
পার্সোনাল অফিসার
অতিরিক্ত সচিব (প্রঃ)
স্থানীয় সরকার বিভাগ